



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৩৫

বিশৃঙ্খলা সৃষ্টির পায়তারা হচ্ছে, সজাগ থাকতে হবে

---খাদ্যমন্ত্রী

রাজশাহী; ১২ ভাদ্র (২৭ আগস্ট):

সব ধর্মই কল্যাণের কথা বলে, অহিংসার বাণী প্রচার করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা অসাম্প্রদায়িক চেতনার বাংলাদেশ গড়তে নিরলস কাজ করে যাচ্ছেন বলে মন্তব্য করেছেন খাদ্যমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা সাধন চন্দ্র মজুমদার, এমপি।

আজ শনিবার দুপুরে নওগাঁর কালিতলায় শ্রী শ্রী বুড়া মাতার পূজামন্ডপ প্রাঙ্গণে জন্মাষ্টমী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

অসাম্প্রদায়িক চেতনার দল বাংলাদেশ আওয়ামী লীগ রাষ্ট্র ক্ষমতায় আছে বলেই উৎসবমুখর পরিবেশে দুর্গোৎসব পালন করতে পারি উল্লেখ করে তিনি বলেন, সুযোগ সন্ধানীমহল বিশৃঙ্খলা সৃষ্টির পায়তারা করছে, তাই সবাইকে সজাগ থাকতে হবে।

সাধন চন্দ্র মজুমদার বলেন, মহান স্বাধীনতাসংগ্রামে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রিষ্টান সকলের প্রচেষ্টায় দেশ স্বাধীন হয়েছিল। আমাদের জাতিগোষ্ঠীর মধ্যে এর মাধ্যমে অসাম্প্রদায়িক সম্প্রীতি সুদৃঢ় হয়েছিল। জাতির পিতাকে ১৫ আগস্ট নৃশংসভাবে হত্যার মাধ্যমে অসাম্প্রদায়িক চেতনাকেও হত্যা করা হয়। সাম্প্রতিকতার বীজ বপিত হয়। শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশে আবারও অসাম্প্রদায়িক চেতনা প্রতিষ্ঠিত হয়েছে বলে উল্লেখ করেন তিনি।

স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক উত্তম কুমার রায় এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতা করেন নওগাঁ সদর আসনের সংসদ সদস্য ব্যারিস্টার নিজাম উদ্দীন জলিল জন, পুলিশ সুপার রাশিদুল হক, বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদ নওগাঁ শাখার সভাপতি নির্মল কুমার সাহা, সাধারণ সম্পাদক বিভাস কুমার মজুমদার ও হিন্দুধর্ম কল্যাণ ট্রাস্টের সদস্য তপন কুমার সেন। ##

.....

তৌহিদ/আতিক/সিকান্দার/রুহুল/রোকন/হালিম/২০২২/১৮.০০ঘ.